

খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়

খাতড়া : বাঁকুড়া

২০১৪-১৫ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

- কেবলমাত্র উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষার জেনারেল কোর্সে উত্তীর্ণ ছাত্রছাত্রীগণই কলা বিভাগে আবেদন করতে পারবে।
- ছাত্রছাত্রীগণ একই আবেদনপত্রে অনার্স ও পাস কোর্সে আবেদন করতে পারবে।
- বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিভাগের অনার্স বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে হলে উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষায় মোট নম্বরের (Best of five including Bengali & English) ৪৫% নম্বর পেতে হবে।
- বিজ্ঞান বিষয় নিয়ে উত্তীর্ণ ছাত্রছাত্রীগণও কলা ও বাণিজ্য বিভাগে পড়ার জন্য আবেদন করতে পারবে।
- ছাত্রছাত্রীগণ ২৫ জুন ২০১৪ তারিখের পরে বাণিজ্য (অনার্স ও পাস) এবং বিজ্ঞান (পাস) বিভাগে সরাসরি ভর্তি হতে পারবে। বিশ্ববিদ্যালয়ের নির্দেশিকার সূত্র-অনুযায়ী নির্দিষ্ট বিষয়গুলি নিয়ে পাশ করলে ভোকেশনাল কোর্সের ছাত্রছাত্রীগণও এই কলেজে বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের পাস কোর্সে ভর্তির সুযোগ পাবে।

কলেজে বাংলা, ইংরাজি, সংস্কৃত, সাঁওতালি, ইতিহাস, দর্শন, গণিত ও হিসাবশাস্ত্র বিষয়ে অনার্স পড়ানো হয়।

- আবেদনপত্র দেওয়ার তারিখ ১০/০৬/২০১৪, ১১/০৬/২০১৪, ১২/০৬/২০১৪, ১৩/০৬/২০১৪, ১৪/০৬/২০১৪ এবং ১৭/০৬/২০১৪। সময় বেলা ১১টা থেকে বিকাল ২টা পর্যন্ত।
- আবেদনপত্র জমা নেওয়ার তারিখ ১০/০৬/১৪, ১১/০৬/১৪, ১২/০৬/১৪, ১৩/০৬/১৪, ১৪/০৬/১৪ এবং ১৭/০৬/১৪। সময় বেলা ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত কেবলমাত্র ১৭/০৬/১৪ তারিখ ১১টা থেকে ৩টা পর্যন্ত ফর্ম জমা নেওয়া হবে।
- অনার্স ও পাস কোর্সের সমস্ত আসন মেধার ভিত্তিতে ও Counselling-এর মাধ্যমে পূরণ করা হবে।
- আবেদনপত্রের ১৬নং কলম ফর্ম জমা দেওয়ার সময় পূরণ করতে হবে না। Counselling-এর সময় পূরণ করা হবে।
- উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষার Original Marksheet দেখিয়ে আবেদনপত্র জমা দিতে হবে।
- ২০১১ এর পূর্বে উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ভর্তির আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে।
- মেধাতালিকা প্রস্তুতির ক্ষেত্রে উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষার দু'টি ভাষাপত্রের নম্বরের সঙ্গে অধিক প্রাপ্ত তিনটি ঐচ্ছিক বিষয়ের নম্বর যোগ করা হবে। পরিবেশবিদ্যার নম্বর যোগ করা হবে না।
- মেধাতালিকা প্রকাশের পর Counselling-এর মাধ্যমে প্রথমে অনার্স কোর্স এবং তারপর পাস কোর্সে ভর্তি করা হবে। মোট নম্বরের ৪৫% ও তদুর্ধ্ব নম্বর পাওয়া ছাত্রছাত্রীগণ অনার্স ও পাস উভয় কোর্সেই Counselling-এর সুযোগ পাবে।

মেধাতালিকা প্রকাশের তারিখ :- ২৫/০৬/২০১৪ বুধবার। সময় দুপুর ২টা

- ক্লাস শুরুর পর ভূগোল ও সঙ্গীত বিষয় দু'টি ভিন্ন মেধাতালিকা/পরীক্ষার ভিত্তিতে দেওয়া হবে।
- অনার্স ও পাস কোর্সের Counselling-এর তারিখ মেধাতালিকা প্রকাশের দিন (২৫/০৬/২০১৪) জানানো হবে।
- অনার্স ও পাস কোর্সের ক্লাস কবে থেকে শুরু হবে ভর্তির সময় নোটিশ দিয়ে জানিয়ে দেওয়া হবে।
- কলেজ হোস্টেলে ভর্তির জন্য ফর্ম Counselling-এর দিনগুলিতে ৫ টাকার বিনিময়ে দেওয়া হবে। ক্লাস শুরুর পর ফর্ম জমা দেওয়া ও হোস্টেলে ভর্তির Counselling-এর তারিখ নোটিশ দিয়ে জানানো হবে।
- অনার্স কোর্সে ভর্তির 2nd Counselling-এর তারিখ ক্লাস শুরুর পর জানানো হবে। এই Counselling কলেজে ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের মধ্য থেকে হবে।
- অনিবার্য কারণবশত ভর্তির কর্মসূচি পরিবর্তিত হতে পারে। বিজ্ঞপ্তির মাধ্যমে তা জানিয়ে দেওয়া হবে।

ভারপ্রাপ্ত অধ্যাপক

খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়

খাতড়া : বাঁকুড়া